

স্মারক নং- ৪১.০১.০১০০.০৩৫.১৬.০০১.২০. ৩০

তারিখঃ ৩০.০১.২০২৪ খ্রিঃ।

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নিলাম কমিটি, ফকিরহাট, বাগেরহাটের ২৫/০১/২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সরকারি শিশু পরিবার (বালক), মুলঘর, ফকিরহাট, বাগেরহাটের ৩টি পুরাতন অব্যবহৃত ভবন ও বন বিভাগের প্রাকলিত ও লাশ নম্বর চিহ্নিত ৫২ টি গাছের মধ্যে (ক্রমিক নং- ৪, ৭, ৮, ৯, ১১, ১২, ১৩, ১৪, ১৮, ১৯, ৪৪, ৪৫, ৫৩, ও ৫৪ নম্বর গাছ ব্যতীত) ৩৮টি বিভিন্ন প্রজাতির গাছ আগামী ১৪/০২/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১০০ ঘটিকায় সরকারি শিশু পরিবার (বালক), মুলঘর, ফকিরহাট, বাগেরহাটে নিলাম কমিটির উপস্থিতিতে প্রকাশ্য নিলামের (উন্মুক্ত ডাকে) মাধ্যমে বিক্রয় করা হবে। নিলামে অগ্রাধী প্রতিষ্ঠান/ব্যক্তিগণ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অঙ্গীকারবদ্ধ হয়ে, সরেজমিন পরিদর্শনপূর্বক জামানত হিসেবে ৩টি ভবন বাবদ ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা ও ৩৮ টি গাছ বাবদ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা (ফেরৎযোগ্য) নিলাম কমিটির সম্মুখে জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে পারবেন। নিলাম ডাকের সর্বোচ্চ দর যুক্তিসঙ্গত না হলে, কমিটি ডাক বাতিল বা পুনঃ নিলাম ডাকের ক্ষমতা সংরক্ষণ করেন।

নিলাম ডাকের শর্তাবলীঃ

- ১। সর্বোচ্চ দরদাতার দর গ্রহণের ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে অবশ্যই ডাকের সমুদয় টাকা (আয়কর ও ভ্যাটসহ) জমা দিতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ২। কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনেরো) দিনের মধ্যে নিজ খরচায় ভবন ভেঙ্গে/গাছ কেটে অপসারণপূর্বক জায়গা খালি করে দিতে হবে। এর জন্য অতিরিক্ত কোন টাকা দাবী করা যাবে না। জামানতকৃত টাকা জায়গা খালি করার পূর্বে ফেরত দেয়া হবে না।
- ৩। নিলাম গ্রহীতাকে ৩% আয়কর ও ১৫% ভ্যাট দিতে হবে।
- ৪। প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় সর্বোচ্চ ডাককারীর ডাক মূল্য যুক্তিসঙ্গত ও গ্রহণযোগ্য বিবেচিত হলে জামানত হিসেবে জমাকৃত টাকা জমা রেখে প্রাপ্তি স্বীকার প্রদান করা হবে। প্রথম সর্বোচ্চ ডাককারী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে নিলাম ডাকের সম্পূর্ণ টাকাসহ আয়কর ও ভ্যাট পরিশোধে ব্যর্থ হলে, তার জামানত বাজেয়াপ্ত করে পর্যায়ক্রমে দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ ডাককারীর বরাবর অফার লেটার প্রদান করা হবে। এক্ষেত্রে পরবর্তী সর্বোচ্চ ডাককারী অফার গ্রহণে ব্যর্থ হলে পর্যায়ক্রমে তাদের জামানতও বাজেয়াপ্ত করা হবে।
- ৫। নিলাম ডাকে অংশগ্রহণকারীর জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি জমা দিতে হবে।

৩০/০১/২০২৪

(খান আনিচুর রহমান)


তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক)
সরকারি শিশু পরিবার (বালক)
মুলঘর, ফকিরহাট, বাগেরহাট।

স্মারক নং- ৪১.০১.০১০০.০৩৫.০৫.০০৫.১৮. ৩০

তারিখ : ৩০.০১.২০২৪ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে/ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রতিষ্ঠান) সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৩. জেলা প্রশাসক, বাগেরহাট।
৪. পরিচালক (উপসচিব) বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফকিরহাট, বাগেরহাট।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট।
৭. উপজেলা নির্বাহী অফিসার, ফকিরহাট, বাগেরহাট।
৮. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফকিরহাট, বাগেরহাট।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, ফকিরহাট, বাগেরহাট।
১০. উপজেলা বন কর্মকর্তা, বন অধিদপ্তর, ফকিরহাট, বাগেরহাট।
১১. জনাব প্রদ্যুৎ গোলদার, এসআই(নিরস্ত্র), ফকিরহাট মডেল থানা, ফকিরহাট, বাগেরহাট।
১২. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ------(সকল), ফকিরহাট, বাগেরহাট।
১৩. দপ্তর কপি।



৩০/০১/২০২৪

(খান আনিছুর রহমান)

তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক)

সরকারি শিশু পরিবার (বালক)

মূলঘর, ফকিরহাট, বাগেরহাট।